দৈনিক
জনকণ্ঠ

তারিখ 28 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষায় প্রতি আসনে ১২ পরীক্ষার্থী

**স্টাফ রিপোর্টার ॥** সরকারী ডেন্টাল কলেজের ভর্তি পরীক্ষায় একটি আসনের বিপরীতে অংশ নেবে প্রায় ১২ জন ভর্তিচ্ছু পরীক্ষার্থী। দেশের সব ক'টি সরকারী ডেন্টাল কলেজে আসন রয়েছে মাত্র ১ হাজার ৯১৭ জন। আর আবেদন করেছে ২২ হাজার ৩৫৫ জন। আগামী ৪ নবেম্বর অনুষ্ঠেয় ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বিডিএস) ভর্তি পরীক্ষায় পরীক্ষার্থীরা কোন মানিব্যাগ অথবা হাতব্যাগ নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার্থীরা তাদের প্রবেশপত্র, টাকা, প্রয়োজনীয় কাগজপত্র স্বচ্ছ ব্যাগে বহন করতে পারবে। পরীক্ষা কেন্দ্রে পূর্বের মতো ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটরসহ যেকোন ইলেক্ট্রনিক ডিভাইস নেয়ার নিষেধাজ্ঞা বহাল থাকবে। বৃহস্পতিবার সচিবালয়ে বিডিএস ভর্তি পরীক্ষায় নিরাপত্তা সংক্রান্ত সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সভায় গত ৭ অক্টোবর অনুষ্ঠিত সারাদেশে এমবিবিএস ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হওয়ায় মন্ত্রণালয়, অধিদফতর এবং আইনশৃঙ্খলারক্ষাকারী বাহিনীর কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী আসন্ন বিডিএস পরীক্ষায়ও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। পরীক্ষার পূর্বে বা পরে প্রশ্নপত্র ফাঁসের গুজব যাতে কেউ ছড়াতে না পারে সেদিকেও কঠোর সাবধানতা বজায় রাখতে নির্দেশনা দেন তিনি।

ভর্তি পরীক্ষার দিনে হলে প্রবেশের পূর্বে পরীক্ষার্থীদের তল্লাশি নিশ্চিত করার জন্যেও স্বাস্থ্যমন্ত্রী নির্দেশ প্রদান করেন। এজন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে আসার জন্য বলা হয়েছে।